

Access to Realtime Digital Weather Information

বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর তার দৈনন্দিন তথ্য সেবাসমূহ মোবাইল প্ল্যাটফর্মে নিয়ে এল। এখন থেকে গুগল প্লে স্টোরে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত মোবাইল এ্যাপ্লিকেশনটি ডাউনলোড করে নিতে পারবেন।

উলেখ্য, এ এ্যাপ্লিকেশনটি বাংলাদেশের বিভিন্ন স্থানে অবস্থিত স্বয়ংক্রিয় আবহাওয়া পর্যবেক্ষণাগার থেকে সর্বশেষ সংগৃহীত উপাত্ত প্রদর্শন করে। এ এ্যাপ্লিকেশনের মাধ্যমে সর্বশেষ বাতাসের তাপ, চাপ, গতি, বৃষ্টির পরিমাণ ইত্যাদি খুব সহজেই তাৎক্ষণিকভাবে পাওয়া যাবে। এছাড়া এ এ্যাপ্লিকেশন ব্যবহার করে ঘূর্ণিঝড় সতর্কবার্তা, ভূমিকম্প, কৃষি আবহাওয়া, হাইড্রোলজি, শৈত্যপ্রবাহ, খরা ইত্যাদি সম্পর্কিত তথ্য খুব সহজেই জানা যাবে।

সময়মত এবং অপেক্ষাকৃত নিখুঁত আবহাওয়া পূর্বাভাস ও সতর্কবার্তা প্রচারের মাধ্যমে নিরাপদ নৌ ও বিমান চলাচলসহ কালবৈশাখী ঝড়, ঘূর্ণিঝড়, টর্নেডো, অতিবৃষ্টি/বন্যা, খরা/অনাবৃষ্টি ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগে জানমালের ক্ষয় ক্ষতি কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক এ এ্যাপ্লিকেশনটি জনস্বার্থে উন্মুক্ত করা হল।

অধিকন্তু, ঝড়ের গতিপথ (অবস্থান, দিক এবং তীব্রতা) নির্ণয়, নিরাপদ নৌ ও বিমান চলাচলসহ আবহাওয়া সংক্রান্ত যাবতীয় আগাম পূর্বাভাস এবং সতর্কীকরণ পদ্ধতি অধিকতর শক্তিশালী হবে এবং প্রাকৃতিক দুর্যোগে সংগঠিত জানমালের ক্ষয় ক্ষতি কমিয়ে এনে দেশের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সমর্থ হবে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের এ সেবা উন্মুক্তকরণের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকারকে আরও একধাপ এগিয়ে নিয়ে গেল।

ডাউনলোড করার জন্য:

- আপনার মোবাইলে ইন্টারনেট আবশ্যিক
- প্রথমে গুগল প্লে স্টোর যেতে হবে
- টাচ/ক্লিক অন সার্চ আইকন "Q" তারপর সার্চ বক্স এ লিখতে হবে **BMD App** তাহলে চলে আসবে বাংলাদেশ আবহাওয়া এ্যাপ অথবা **Bangladesh Weather App**
- তারপর টাচ/ক্লিক করে **install** করুন

ফিচারসমূহ:

- দেশের ৪২(বিয়াল্লিশ)টি স্থানে স্থাপিত স্বয়ংক্রিয় আবহাওয়া যন্ত্রের সাথে স্মার্টফোনে সরাসরি সংযোগ স্থাপিত হবে। পর্যায়ক্রমে ২০২১ সালের মধ্যে দেশের প্রতিটি উপজেলা শহরে আবহাওয়া তথ্য সেবা সাধারণ জনগণ তথা কৃষক পর্যায়ে বিস্তৃত করার পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।
- বাসায়, অফিসে, গাড়িতে, লঞ্চে, স্টীমারে, বিমানে, ট্রেনে স্মার্টফোন অন করে আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ আবহাওয়া তথ্য পাওয়া যাবে।
- আবহাওয়া অধিদপ্তরের ডপলার রাডার, আবহাওয়া স্যাটেলাইট এর তথ্য ইত্যাদি স্মার্টফোনের ডিসপ্লে স্ক্রীনে যে কোন সময়ে দেখা যাবে।